

বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ(উঃ)।

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ (উত্তর) এর ১ম প্রান্তিকের
(জুলাই/২০২১- সেপ্টেম্বর/২০২১) শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|--------------|---|--|
| সভাপতি | : | জনাব মোঃ মাহাবুব আলম, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক |
| তারিখ ও সময় | : | ২৬.০৯.২০২১ খ্রিঃ, বিকাল: ৩.৩০ ঘটিকা |
| স্থান | : | মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ(উত্তর) |
| উপস্থিতি | : | পরিশিষ্ট “ক” |

০১। সভাপতি মহোদয় কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভার কার্যক্রম শুরু করেন। সুশাসন নিশ্চিতকরনে শুদ্ধাচার অনুশীলন এবং প্রয়োজন বলে সভাপতি মহোদয় অভিমত প্রকাশ করেন। কর্মক্ষেত্রে দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্য ত শুদ্ধাচারের যাবতীয় বিষয়ে সু-সমন্বয় প্রয়োজন বলে তিনি মনে করেন। বর্তমান ব্যাংকিং খাতে শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়নের সমন্বয়পযোগী পদক্ষেপ গ্রহণ অতীব জরুরী বলে সভায় সকলে একমত প্রকাশ করেন। বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ (উঃ) এর কর্মকর্তা/কর্মচারীদের সততা নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে সাবলীল কর্ম পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানি সভার কাজ শুরু করেন।

০২। সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

ক) করোনা ভাইরাসের সংক্রমণ রোধে বিশ্ব স্বাস্থ্য প্রনীত স্বাস্থ্যবিধি মেনে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে হবে।

খ) মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন রোধে সকলকে সচেতন হতে হবে এবং RTGS, Online Transaction সহ দৈনন্দিন লেনদেন কার্যক্রমে সতর্ক থাকতে হবে।

গ) সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজের (২য় পর্যায়) আওতায় ঋণ বিতরণ শতভাগ অর্জনের চেষ্টা করতে হবে।


ঘ) শাখা পর্যায়ে খেলাপী ঋণগ্রহীতাদের সাথে দ্বিপাক্ষিক সভা মাধ্যমে খেলাপী এণ আদায় কার্যক্রম ত্বরান্বিত করা।

ঙ) সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তাদের জন্য বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে এবং এ উদ্দেশ্যে “Women Entrepreneur’s Development Unit” কর্তৃক শাখা পর্যায়ের “Women Entrepreneur’s Dedicated Desk” সমূহের কার্যক্রম মনিটর করতে হবে।

চ) ব্যাংকের বিভিন্ন প্রোডাক্ট পরিচিতি বা বিভিন্ন সেবার নিয়মাচার সরাসরি গ্রাহকের/জনসাধারণের কাছে পৌঁছে দেয়া এবং বিকেবির গ্রাহক বাস্তব সেবা গ্রহণে অগ্রহী করে তোলার জন্য শাখার সহজে চোখে পড়ে এমন স্থানে পোস্টার লাগানোর ব্যবস্থা করতে হবে।

ছ) উপোরক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি ২০২১-২০২২ অর্থবছরের ১ম ত্রৈমাসিক/প্রান্তিকের (অক্টোবর/২০২১ হতে ডিসেম্বর/২০২১) নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করতে হবে।

০৪. সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করবেন



(মোঃ মাহাবুব আলম)
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

ও
সভাপতি, শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি

তারিখঃ- ২৬/০৯/২০২১ খ্রিঃ

স্মারক নং- মুআকা(মঃউঃ)প্রশাঃ-১(৬৭)/২০২১-২০২২/

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ-

০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।

০২। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।

০৩। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য অঞ্চল, ময়মনসিংহ(উঃ)।

০৪। নথি/মহানথি।



(মোঃ মাহফুজুর রহমান)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা